গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ধুনট, বগুড়া।

বিষয় : সেপ্টেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণি।

সভাপতি : মোঃ আব্দুল হাই খোকন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ধুনট, বগুড়া।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২২খ্রি. সময়: বেলা ১১.০০ মিনিট

আলোচ্য মাস : আলোচ্য মাস - আগষ্ট ২০২২ খ্রি.

সভায় উপস্থিত সদস্যবৃন্দ - পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্য সূচী ধারাবাহিকভাবে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহি অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহি অফিসার সভায় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১। পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পাঠ অন্তে কার্যবিবরণীর কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

২। বিভাগীয় আলোচনা :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী অফিস : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া জানান, চলমান প্রকল্পসমূহের গুণগতমান ঠিক রেখে বাস্তবায়ন করার আহ্বান জানান। এ বিষয়ে সকলকে সতর্ক হওয়ার জন্য তিনি অনুরোধ জানান। | ১। ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি প্রকল্প দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া। ২। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া। ৩। উপজেলা প্রকৌশলী, ধুনট, বগুড়া। |
| ০২ | উপজেলা কৃষি অফিস : উপজেলা কৃষি অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান, অত্র উপজেলায় ২০০৭০ হে: জমিতে বিভিন্ন ফসলের চাষ হচ্ছে এছাড়া খরিপ-১ মৌসুমে আবাদকৃত ফসল আউশ ২০০০ হে:, পাট ২০০০ হে:, ভুট্টা ৭৫ হে:, শাকসবজি ১০০ হে:, গ্রীষ্মকালীন পেয়াজ ০৫ হে:, গ্রীষ্মকালীন তিল ৭৫ হে:, গ্রীষ্মকালীন মুগ ০৫ হে:, গ্রীষ্মকালীন মরিচ ৪৫ হে:, আদা ৬৫ হে:, হলুদ ৭০ হে:, কলা ৩০ হে:, খিরা ২৫ হে:, শস্য ২ হে:, বাঙ্গি ০৫ হে:, মুখিকচু ৩৫ হে:, আখ ৩০ হে:, পেঁপে ১০ হে: ও ঘাস ৩০০ হে: কর্তনের কাজ চলমান আছে। । এছাড়া খরিপ-২/২০২২-২০২৩ মৌসুমে ১৬২৫০ হে: জমিতে রোপা আমন ধানের চারা রোপন করা হয়েছে, । এছাড়া বিভিন্ন ফসলের প্রযুক্তিগত প্রদর্শনী মাঠে স্থাপন করা হয়েছে। ফসলের বর্তমান অবস্থা ভাল। রোগ বালাই, পোকা মাকড় দমনে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত মাঠ পর্যবেক্ষণ ও বন্যা পরবর্তী কার্যক্রম সম্পর্কে কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন। বর্তমানে ৪৫ মে: টন ইউরিয়া, ৯৫ মে: টন টিএসপি, ২৮ মে: টন ডিএপি, ৩৭ মে: টন এমওপি সার মজুদ রয়েছে। সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রি হচ্ছে। কৃষি বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সার্বক্ষণিক সারের দোকান মনিটরিং করছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠুরুপে পরিচালিত হচ্ছে। | ১। সার পরিস্থিতি সার্বক্ষণিক মনিটরিং করতে হবে। ২। কৃষি পুর্নবাসনের কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, ধুনট, বগুড়া। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | স্বাস্থ্য বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় তাঁর বিভাগের আগষ্ট/২০২২ মাসে গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। তিনি জানান আগষ্ট/২০২২ পর্যন্ত ৩০২৫ জনকে করোনার টিকা প্রদান করা হয়েছে। পর্যাপ্ত টিকা মজুদ আছে। তিনি ১৮ বছরের উর্ধ্বে সকলকে টিকা গ্রহণের বিষয়ে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য সকলকে অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (১) করোনা স্যাম্পল পরিবহন ব্যয় প্রাপ্তি জরুরী আবশ্যক (২) অত্র উপজেলা আগষ্ট/২০২২ মাসে বহিঃ বিভাগে ৪৪৩৬ জন, জরুরী বিভাগে ৮০২ জন, অন্তঃ বিভাগে ২৬৯ জন রোগী ভর্তি সহ চিকিৎসা প্রাপ্ত হয়েছে। বেড অকুপেন্সী রেট ৬৭.২১ %। (৩) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২৪ জন চিকিৎসকের মধ্যে ১৮ জন কর্মরত আছেন । মোট শুন্য পদের সংখ্যা ০৬ জন। (৪) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০টি জুনিয়র কনসালটেন্ট এর মধ্যে ০৩ জন জুনিয়র কনসালটেন্ট (শিশু)/গাইনি/এ্যানেসথেসিয়া কর্মরত আছেন । মোট শুন্য পদের সংখ্যা ০৭ জন। (৫) পরিচ্ছন্নতা কর্মী ০৫টি পদের মধ্যে ০৫টি পদই শুন্য আছে। জরুরী ভিত্তিতে ০২ জন পরিচ্ছন্নতা কর্মী প্রয়োজন। অফিস সহায়ক পদের ০৪ টি পদ শুন্য রয়েছে। (৬) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর প্যাথলজি (ল্যাব) এ আগষ্ট/২০২২ মাসে ১৪০ জনের বিভিন্ন পরীক্ষার মাধ্যমে ১১,৫৩০/- টাকা ইউজার ফি আদায় হয়েছে এবং ৯০ জনের করোনা স্যাম্পলের মাধ্যমে ৭,৪০০/- টাকা পরীক্ষার ইউজার ফি আদায় হয়েছে। (৭) অত্র ধুনট হাসপাতালের অফিস কক্ষে ০১ (এক) টি ১০০ (একশত) ওয়াট, নিম্নস্বাক্ষরকারীর রুমে ৫০(পঞ্চাশ) ওয়াট এর সোলার প্যানেল প্রয়োজন। (৮) অত্র ধুনট হাসপাতালের জরুরী বিভাগে ০১ (এক) টি রোগী পরিবহন ট্রলীর প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান, নোভেল করোনা ভাইরাস প্রতিরোধে সাবান পানি দিয়ে হাত ধোয়া, হাত না ধুয়ে চোখ, মুখ ও নাক স্পর্শ না করা, হাঁচি কাঁশি দেয়ার সময় মুখ ঢেকে রাখা, অসুস্থ পশু/পাখির সংস্পর্শে না আসা ও মাছ, মাংস ভালভাবে রান্না করে খাওয়ার বিষয়ে আলোচনা করেন। | ১। কোভিড-১৯ মোকাবেলায় সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।<br>২। যারা কোভিড-১৯ এর টিকা গ্রহণ করেননি তাদেরকে দ্রুত টিকা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধুনট, বগুড়া।<br>২। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী ও জনপ্রতিনিধি। |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিস :<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান যে, গত আগষ্ট/২০২২ মাসে গবাদিপশুর টিকাদান ১৬০৮টি, হাঁস-মুরগীর টিকাদান ২৭,০০০টি, গবাদিপশুর চিকিৎসা ২১৯২টি, হাঁস-মুরগীর চিকিৎসা ১৪,১১৭টি, গাভী/বকনার কৃত্রিম প্রজনন ২,৭২৬টি, শঙ্কর জাতের গাভীর খামার ০১টি, ছাগলের খামার ০৪টি, ভেড়ার খামার ০০টি, মুরগীর খামার ০৮টি, হাঁসের খামার ০৩টি, ঘাস চাষ ১.৩২ একর এবং রাজস্ব আয় (কৃত্রিম প্রজনন এবং টিকাদান) ৯৪,২৪৫/- টাকা। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ধুনট, বগুড়া গবাদি পশু ও প্রাণিতে শতভাগ টিকা প্রদানের নিমিত্তে চাহিদা অনুযায়ী বরাদ্দ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বিভাগকে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | গবাদি পশু ও প্রাণিতে শতভাগ টিকা প্রদানের নিমিত্তে চাহিদা অনুযায়ী বরাদ্দ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের আগষ্ট/২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন ও বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করেন। বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে চলছে কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি ইউনিয়নে, প্রতিটি পরিবারে যথাযথভাবে পরিবার পরিকল্পনার সেবা পৌঁছানের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া সভায় জানান, করোনা কালীন জনগণকে সেবা প্রদানে সংশ্লিষ্ট বিভাগকে আরও তৎপর হতে হবে। | সেবা প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ০৬ | উপজেলা মৎস্য অফিস :<br>সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগের দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিক চলছে। মৎস্য চাষিদের পুকুর পরিদর্শন, প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি জানান যে, এক ধরণের চায়না জাল দিয়ে অবৈধভাবে মাছ আহরণ করা হচ্ছে। এতে মাছের প্রজনন কমে যাচ্ছে। তিনি এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, প্রদর্শনী পুকুর বাস্তবায়ন ০৫টি, বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়ন ০১টি, হাট-বাজার পরিদর্শন/অভিযান কার্যক্রম | আগামী ২৮ জুলাই/২২ হতে জাতীয় মৎস্য সপ্তাহ শুরু হবে। চায়না জালের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী কমিশনার (ভূমি) |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়ন ০৩টি, বিভিন্ন মৎস্যচাষী/খামারীর পুকুর পরিদর্শন ১১টি, বিভিন্ন মৎস্যচাষী/খামারীকে পরামর্শ প্রদান ৩৪ জন, মৎস্য চাষী/খামারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ২৫ জনকে। আপাতত : কোন সমস্যা নেই। সভাপতি বলেন, মাছে ফরমালিন ব্যবহার রোধকল্পে হাটে-বাজারে অভিযান পরিচালনা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানান। | | |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিস :<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সভায় জানান সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে নিয়মিত বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ১৬৪৮৬ জন নগদ ব্যাংক একাউন্ট এর মাধ্যমে ভাতাভোগীদের ৩য় কিস্তির টাকা প্রেরণ করা হয়েছে এবং ২০২১-২২ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দের বিধবা ও স্বামী নিগৃহিতা ৮২৫০ জন, প্রতিবন্ধী ভাতা ৫১৭৪ জন ভাতাভোগীর নগদ ব্যাংকে একাউন্ট এর মাধ্যমে ৪র্থ কিস্তির টাকা প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রতিবন্ধী শিক্ষা অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ৪৪ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ৪০ জন, হিজরা শিক্ষা উপবৃত্তি ০৩ জন, হিজরা বয়স্ক ০৪ জন ভাতার টাকা নগদ ব্যাংকে একাউন্ট এর মাধ্যমে ৪র্থ কিস্তির টাকা প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রমে সুদমুক্ত ক্ষুদ্রঋণ আদায় আগষ্ট/২০২২, পল্লী সমাজসেবা ২,৪৯,০০০/-, পল্লীমাতৃকেন্দ্র ৫৫,০৫০/-, আরএসএস ১,৬৯,৪০২/- টাকা এসিডদগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী ১,৪৯,০৫০/- টাকা আদায় করা হয়েছে এবং অনাদায়ী অর্থ আদায় ব্যাপারে প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | ১। বরাদ্দ প্রাপ্ত ভাতাসমূহ দ্রুত উপকারভোগী নির্বাচন করে বিতরণ করতে হবে।<br>২। ঋণ আদায়ের ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস : সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন সমাবিক, গুচ্ছগ্রাম প্রকল্প, পল্লী প্রগতি প্রকল্প ও কৃষক সমবায় সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরে যে লক্ষ্য মাত্রা নির্ধারণ করা আছে তা বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সদস্য ভর্তি ৬১ জন, সঞ্চয় আদায় ১.৭৬ লক্ষ টাকা, ঋণ বিতরণ ১৭.৩৩ লক্ষ টাকা, ঋণ আদায় ১৫.৬০ লক্ষ টাকা, বৃক্ষচারা বিতরণ ২৪৭ টি, উঠান বৈঠক ১২ টি (পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর)। উপজেলা নির্বাহী অফিসার জানান, ঋণ আদায় কার্যক্রম শতভাগ নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে তদারকি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:<br>সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। মাধ্যমিক স্তরে বন্ধ উপবৃত্তি চালু করার প্রক্রিয়া শুরু হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলা শুরু হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন অনলাইনে পাঠদান কর্মসূচি বৃদ্ধি করতে হবে। | বিদ্যালয়ে পাঠদান বৃদ্ধি করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধুনট |
| ১০ | উপজেলা শিক্ষা অফিস :<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ধুনট উপজেলার ২০২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত পরিদর্শন চলমান আছে। বিদ্যালয় পর্যায়ে ক্ষুদ্র মেরামত, মেজর মেরামত, বড় ধরণের মেরামত, ওয়াশ ব্লক মেরামত, স্লীপ ও প্রাক-প্রাথমিকের উন্নয়নমূলক কাজ যথাযথভাবে হয়েছে কিনা তা পর্যবেক্ষণ এবং বিদ্যালয়ের অফিস কক্ষ, শ্রেণী কক্ষ, বিদ্যায়ের চারপাশ ও ওয়াশ ব্লক পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরিদর্শন চলমান আছে। এসএমসি গঠনের প্রক্রিয়া চলমান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর জন্ম শতবর্ষ উপলক্ষ্যে ২০২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৯০ টি বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণ হয়েছে এবং ৪ টির কাজ চলমান বাকী ৮টি উচ্চ বিদ্যালয় সংলগ্ন। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া বলেন, পাঠদান কার্যক্রম জোরদার করতে হবে। | অফিসের সাধারণ কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অফিস:<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী, কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ জোরদারকরণ কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। আত্মকর্মসংস্থান কর্মসূচীর মোট বরাদ্দের পরিমাণ = ৪৮,২৩,৫৩৪/- টাকা। চলতি বছরে বিতরণের লক্ষ্যমাত্রা ৩৭,১০,০০০/- টাকা। বছরের মোট বিতরণ = ৪,৯০,০০০/-। ক্রমপুঞ্জিভূত বিতরণ=২,৫৭,৭৩,০০০/-। ক্রমপুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ = ১,৯২,১২,০৪১/- টাকা, আদায়ের হার ৮৭%। জুন/২২ মাসে চলমান আদায়যোগ্য টাকার পরিমাণ = ১,২৬,২৫০/- টাকা। আদায়কৃত টাকার পরিমাণ = | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| | ১,২০,৩০০/- টাকা, আদায়ের হার ৯২%। মোট ঋণগ্রহিতার সংখ্যা ১১২৯ জন। চলমান বছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ৪২০ জন, ১৪ ব্যাচ। প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৩০০ জনকে। মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৮,৪৪৫ জন। ঋণ গ্রহিতার মোট সঞ্চয় জমা আছে ১২,৮৭,৯০৪/- টাকা। আগষ্ট/২০২২ পর্যন্ত পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর মোট বরাদ্দ ৮৯,৯৫,৪৬৫/- টাকা। ২০২১-২০২২ অর্থ বছরে বিতরণের লক্ষমাত্রা ১২,০০,০০০/- টাকা। চলতি অর্থবছরে মোট বিতরণ ৬,০০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিভূত বিতরণ ৪,৬২,৭৩,৯৭৫/- টাকা এবং ক্রমপুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ ৪,২৯,২০,৮৬৯/- টাকা, আদায়ের হার ৯৫.৪০%। আগষ্ট/২২ মাসে চলমান আদায়যোগ্য টাকার পরিমাণ ৯৬,০০০/- টাকা, আদায়কৃত টাকার পরিমাণ ৯৬,০০০/- টাকা, আদায়ের হার ১০০%। মোট ঋণগ্রহিতার সংখ্যা ৬,০২০ জন। ঋণগ্রহিতাদের মোট সঞ্চয় জমা আছে ১৬,৯১,০৬০/- টাকা। এছাড়া যুব উন্নয়ন অফিসারের অফিস ভবনের নিরাপত্তা জনিত কারণে বারান্দার পশ্চিম অংশে ৬-১২ দেয়াল নির্মাণ এবং টয়লেটে পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। অফিসের অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া ঋণ আদায়ের ব্যাপারে তৎপর থাকার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানান। | | |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ<br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, ভান্ডারবাড়ি ইউনিয়নে বন্যার পানি প্রবেশ করেছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় টিআর, কাবিখা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও কোন কাজ যেন ওভারলেপিং না হয় সে বিষয়ে তৎপর থাকার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, বন্যা কবলিত মানুষের তালিকা দ্রুত তৈরী করে ত্রাণ সামগ্রী বিতরণ নিশ্চিত করতে হবে। | ১। টিআর, কাবিখা ও অন্যান্য কার্যক্রমের মনিটরিং জোরদার করতে হবে।<br>২। ত্রাণ বিতরণ কাজ বিধিবিধান অনুসরণ করে বিতরণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ<br>সভায় মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মাতৃত্বকালভাতাঃ অত্র উপজেলায় দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় মোট দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা ভোগী ১২৯০ জন। যাহার বরাদ্দ ছিল=১,২৩,৮৪,০০০/- টাকা বিতরণ করা হয়েছে ১,২৩,৮৪,০০০/- টাকা মাত্র। ২০২১-২০২২ অর্থ বছরের ইউনিয়ন প্রতি ৫০ জন হিসাবে ৫০ জন করে মোট ৫০০ জন উপকারভোগী নির্বাচনের জন্য ইউনিয়ন পর্যায়ে কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিলঃ অত্র উপজেলায় কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরে ধুনট পৌরসভায় মোট ল্যাকটেটিং মাদার ভাতাভোগী ছিল ৪২৫ জন। ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ৫০ (পঞ্চাশ) জন উপকারভোগীর নামে তালিকা চূড়ান্ত অনুমোদন করা হয়েছে।<br>ক্ষুদ্র ঋণ কার্যক্রম মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচীর আওতায় প্রধান কার্যালয় ঢাকা কর্তৃক মোট ১০,৯৫,৪৫১/- (দশ লক্ষ পঁচানব্বই হাজার চারশত একান্ন) টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। যাহা ঘূর্ণায়মান ঋণ হিসাবে ২৬৩ জন মহিলাদের মাঝে ১৯,৯৪,০০০/- (উনিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকা বিতরণ করা হয়। আগষ্ট/২০২২ মাসে কোন ঋণ গ্রহীতা ঋনের কিস্তি অফিসে জমা দেয় নাই। প্রশিক্ষণ কার্যক্রমঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত আইজিএ প্রশিক্ষণ প্রতি ব্যাচে ৫০ (পঞ্চাশ) জন মহিলাদেরকে ২টি ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয় ট্রেড ২টি যথাক্রমে টেইলারিং ও ব্লক-বাটিক। প্রশিক্ষনের মেয়াদ ৩ মাস। প্রশিক্ষণার্থীদের জন প্রতি দৈনিক ভিত্তিতে ১০০/- টাকা হারে যাতায়াত খরচ প্রদান করা হয়ে থাকে। | ১। ঋণ আদায়ের ব্যাপারে তৎপর থাকতে হবে।<br>২। ভিজিডি ও মাতৃকালীন ভাতা ভোগী নির্ধারণ বিধি মোতাবেক করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ১৪ | উপজেলা সমবায় অফিসঃ<br>উপজেলা সমবায় অফিসার, জানান, ধুনট উপজেলাধীন আশ্রয়ন প্রকল্প শীতলাবিল আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের ১০(দশ) টি ব্যারাক বাড়ীসহ ১২০ টি পরিবারের ব্যারাকের কক্ষ সমূহের টিনের চালা ও সীমানা দীর্ঘদিন ব্যবহার এবং কোন প্রকার জরুরী কিংবা নিয়মিত মেরামত না হওয়ায় কালক্রমে ফুটো ও বিনষ্ট হয়েছে। অনেক পরিবার বর্ষার মৌসুমে মানবেতর ভাবে বসবাস করছে। অনতি বিলম্বে ব্যারাক হাউস সমূহ মেরামত ও সংস্কার করা না হলে ক্ষতির পরিমান আরো বেড়ে যাবে। মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প বিবেচনায় সরেজমিনে যাচাই পূর্বক জরুরীভাবে মেরামত ও সংস্কার কার্যক্রমে সভাপতি | ১। সমবায় সমিতি চালু করতে হবে।<br>২। ঋণ বিতরণ কার্যক্রম চালু রাখতে হবে। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা, ধুনট, বগুড়া।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| | মহোদয়ের মাধ্যমে সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া সভায় প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং সমবায় সমিতিগুলো চালু করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ জানান। | | |
| ১৫ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিস:<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমিতির সদস্য ৩১৪৫ জন, ঋণ সুবিধা ভোগী ২৫০০ জন। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া ঋণ আদায় কার্যক্রম শতভাগ নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানান। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:<br>উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ধুনট উপজেলা, বগুড়া সভায় জানান, 'সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় বর্তমান অর্থ বছরের জন্য ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস মোট ২৬০টি নলকূপ বরাদ্দ পাওয়া যায় এবং ১৮টি করে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গেছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বন্যা কবলিত এলাকায় টয়লেট স্থাপন ও টিউবওয়েল বসানোর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশলী, ধুনট,বগুড়া। |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান অফিস:<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধুনট, বগুড়া সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। | অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিস,ধুনট, বগুড়া। |
| ১৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রতিনিধি সভায় জানান যে, ৪র্থ পর্যায়ের INF-২০১৯-২০২০-৫০১০২৭-০৩ প্যাকেজ নম্বর ধুনট উপজেলার বিভিন্ন বাজারে পাবলিক টয়লেট নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। ঠিকাদার কর্তৃক বিল দাখিল করা হয়েছে। দাখিলকৃত নীট বিলের পরিমাণ = ১২,০৮,২২৯/- (বার লক্ষ আট হাজার দুইশত উনত্রিশ) টাকা । উক্ত দাখিলকৃত বিল অনুমোদন ও প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লিখিত বিল মাসিক সভায় অনুমোদন করা হলো। | সিদ্ধান্তঃ প্রকল্প পরিচালক বরাবরে বিল দ্রুত পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তার আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডি হতে প্রাপ্ত প্রাক্কলন ও আনসার ভিডিপি থেকে প্রাপ্ত লে-আউট প্ল্যান অনুযায়ী ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা রাজস্ব তহবিল হতে ব্যয়ের নির্দেশনা প্রদান করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের যে কোন সময় উক্ত প্রকল্প সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে উক্ত প্রকল্প সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ধুনট, বগুড়া। |
| ২০ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ : সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম অবহিত হওয়া সম্ভব হলো না। | পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রোগ্রামার |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি : ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২২ | উপজেলা বন কর্মকর্তার কার্যালয় : ভারপ্রাপ্ত কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে অবহিত করেন। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা |
| ২৩ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক : ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে অবহিত করেন। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৪ | তথ্য আপা প্রকল্প বিভাগ : তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, তথ্য আপা প্রকল্প পরিচালিত লাল সবুজ ডট কম ওয়েব সাইট থেকে পন্য কেনার জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে অবহিত করেন। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা, ধুনট, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর আগষ্ট/২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ (৪০,০০০/-+২৭,০০০/-+২৭,০০০/-) = ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। বর্ণিত সম্মানী ভাতা সভায় অনুমোদনের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে রাজস্ব তহবিল হতে প্রদানকৃত ৯৪,০০০/- টাকা ব্যয় অনুমোদন করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া। |
| ২৬ | জনাব সুমন রায়, মালী ও জনাব মো: আবু বক্কর সিদ্দীক, পরিচ্ছন্নতা কর্মী উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া আগষ্ট/২২ মাসে পারিশ্রমিক বাবদ যথাক্রমে ১৪,৮৫০/- (চৌদ্দ হাজার আটশত পঁঞ্চাশ টাকা মাত্র) ও ১৪,৮৫০/- ( চৌদ্দ হাজার আটশত পঁঞ্চাশ টাকা মাত্র) টাকা প্রদান করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর ০৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪.২০-৮৮৩ নং অফিস আদেশে উপজেলা পরিষদের মালি দৈনিক মজুরী ৫৫০/- টাকা ও পরিচ্ছন্নতাকর্মী দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে নির্ধারণ করা হয়েছে। সভায় উপজেলা রাজস্ব তহবিল তাদের প্রদানকৃত অর্থ অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া সুমন রায়, মালী, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া এর শারদীয় দুর্গাপুজার উৎসব ভাতা =১৬,৫০০/- টাকা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভায় সর্বসম্মতিক্রমে জনাব সুমন রায়, মালী ও জনাব মো: আবু বক্কর সিদ্দীক, পরিচ্ছন্নতা কর্মী উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া'র আগষ্ট/২২ মাসের মজুরী বাবদ প্রদানকৃত ২৯,৭০০/-টাকা অনুমোদন করা হয়। এছাড়া দুর্গাপুজার =১৬,৫০০/- উৎসব ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া। |

২৭। বিবিধ-ক) : চেয়ারম্যান উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া সভায় জানান যে, অত্র ধুনট এলাকায় অতি দরিদ্র মেধাবী ছাত্র/ছাত্রী এবং দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত ব্যক্তিগণ আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। আবেদনগুলি তিনি নিজে যাচাই-বাছাই করে ২৫ জনের নাম উপস্থাপন করেন। নামগুলি নিম্নরুপ :

দরিদ্র মেধাবী ছাত্র/ছাত্রীদের তালিকা:

| ক্র: নং | নাম ও ঠিকানা | টাকার পরিমান |
|---|---|---|
| ১ | মো: জাফর ইকবাল, পিতা– মাহবুবুর রহমান, গ্রাম ঃ সোনারগাঁ, চিকাশী, ধুনট, বগুড়া | ১০,০০০/- |
| ২ | মোছা: মিতু খাতুন, পিতা- মো: মোছাব্বের আলী, গ্রাম ঃ মবুয়াখালী, ধুনট,বগুড়া । | ১০,০০০/- |
| ৩ | মোছা: সুরভী খাতুন, পিতা- মো: চান্দু মিঞা, গ্রাম ঃ মবুয়াখালী, ধুনট,বগুড়া । | ১০,০০০/- |
| ৪ | মো: বিদ্যুৎ হোসেন, পিতা- মো: আলম সরকার, গ্রাম ঃ চালাপাড়া, ধুনট,বগুড়া | ১০,০০০/- |
| ৫ | মোছা: কাশফী খাতুন, পিতা- কামরুল হাসান, গ্রাম ঃ সোনারগাঁ, চিকাশী, ধুনট, বগুড়া | ১০,০০০/- |
| ৬ | মোছা: সামিয়া ইসলাম, পিতা- শফিকুল ইসলাম, গ্রাম ঃ মোহনপুর চিকাশী, ধুনট,বগুড়া । | ১০,০০০/- |
| ৭ | মো: ফজলে রাব্বী, পিতা- মৃত হাসান আলী, গ্রাম ঃ জয়সিংহ, নিমগাছী, ধুনট,বগুড়া । | ১০,০০০/- |
| ৮ | মোছা: ফাতিহা খাতুন, পিতা- মো: নাসিরুল ইসলাম, গ্রাম ঃ সোনারগাঁ, চিকাশী, ধুনট, বগুড়া | ১০,০০০/- |
| ৯ | মোঃ জিহাদ আলী, পিতা- মো: আবু জায়েদ, গ্রাম ঃ সোনারগাঁ, চিকাশী, ধুনট, বগুড়া | ১০,০০০/- |
| ১০ | মো: সাকিব হাসান, পিতা- শাহেদ আলী, গ্রাম ঃ সোনারগাঁ, চিকাশী, ধুনট, বগুড়া | ১০,০০০/- |
| ১১ | মোছা: সিঁজুতী আকতার, পিতা- মৃত মোকাদ্দেল, গ্রাম ঃ রঙ্গীপাড়া, কালেরপাড়া, ধুনট,বগুড়া । | ১০,০০০/- |
| ১২ | মো: সাজ্জাদ হোসেন,পিতা- মো: শাহ আলম, গ্রাম ঃ চিথুলিয়া, গোসাইবাড়ী, ধুনট,বগুড়া | ১০,০০০/- |
| ১৩ | মো: বিপ্লব আহম্মেদ, পিতা- মো: আবুল কাশেম, গ্রাম ঃ মরিচতলা, ভান্ডারবাড়ী, ধুনট,বগুড়া । | ১০,০০০/- |
| ১৪ | এস,এম এরফান সাদিক, পিতা– গোলাম মোস্তফা, গ্রাম ঃ সোনারগাঁ, চিকাশী, ধুনট, বগুড়া | ১০,০০০/- |
| ১৫ | মো: সিফাত জাহান, পিতা– এস,এম শাহজাহান কবীর, গ্রাম: রাঙ্গামাটি, এলাঙ্গী,ধুনট,বগুড়া | ১০,০০০/- |
| ১৬ | মোঃ সেলিম আহম্মেদ, পিতা– মো: মোসলেম উদ্দিন, গ্রাম: বড়িয়া, চিকাশী, ধুনট, বগুড়া | ১০,০০০/- |
| ১৭ | মো: রবিন আহম্মেদ, পিতা- মো: সাইফুল ইসলাম, সাং- কলেজপাড়া, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |
| ১৮ | মো: আল মামুন, পিতা- হাফিজার রহমান, সাং- কলেজপাড়া, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |
| ১৯ | মো: সেলিনা আকতার, পিতা- মো: আলাউদ্দিন, সাং- পারনটাবাড়ি, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |
| ২০ | মো: সাব্বির হোসেন, পিতা- মো: সহিদুল ইসলাম, সাং- পারনটাবাড়ি, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |
| ২১ | মোছা: সাহিদা খানম, পিতা- মো: বাহাদুর আলী, সাং- পশ্চিম ভরনশাহী, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |
| ২২ | মো: এরশাদ আলী, পিতা- মো: আকছের আলী, সাং- জোলাগাতী, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |
| ২৩ | মোছা: আকলিমা আকতার, পিতা- নবীর উদ্দিন, সাং- পশ্চিম গুয়াডহরী, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |
| ২৪ | মোছা: সালমা খাতুন, পিতা- মৃত হেলাল উদ্দিন, সাং- সোনারগাঁ, চিকাশী, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |

| | | |
|---|---|---|
| ২৫ | মো: রুহুল আমীন, পিতা- মৃত আব্দুস ছালাম, সাং- পারনটাবাড়ি, ধুনট, বগুড়া। | ১০,০০০/- |

দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত ব্যক্তিগণের তালিকা:

| | | |
|---|---|---|
| ২৬ | সিমা রানী, জং- মো: শাহিন আলম, সাং- ধুনট সদর গুচ্ছগ্রাম, ধুনট, বগুড়া। | ৫,০০০/- |
| ২৭ | মোছা: জয়নব খাতুন, জং- মিষ্টার, সাং- চুনিয়াপাড়া গুচ্ছগ্রাম, ধুনট, বগুড়া। | ৫,০০০/- |

এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তালিকা অনুযায়ি মোট = ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গ্রহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-খ)

আগষ্ট/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল :

০১। নবদিগন্ত বই বিপনী এন্ড ফটোষ্ট্যাট, ধুনট, বগুড়া - ২,৬০০/-

০২। অফিস স্টেশনারী ক্রয় - ২,৩৫০/-

মোট = ৪,৯৫০/-

(কথায়- চার হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র )

বিবিধ-গ)

আগষ্ট/২০২২ মাসের আপ্যায়ন বিল:

০১। রাহান হোটেল এন্ড রেষ্টুরেন্ট - ২৯,৫০০/-

(কথায়: উনত্রিশ হাজার পাঁচশত টাকা মাত্র )

বিবিধ-ঘ) : উপজেলা পরিষদের ইন্টারনেটের বিল বাবদ আগষ্ট/২২ মাসের ইন্টারনেট বিল বাবদ ৪,২০০/- (চার হাজার দুইশত মাত্র) টাকা ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ঙ) : উপজেলা নির্বাহী অফিসারের সার্বক্ষনিক নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের প্রয়োজনীয় জ্বালানী ও অন্যান্য দ্রব্যাদি ক্রয় বাবদ আগষ্ট/২০২২ মাসে = ৭,২০০/- ( সাত হাজার দুইশত) টাকা খরচ হয়েছে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-চ): চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যানগণের ভ্রমণ ভাতা বিষয়ে আলোচনা : চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট গণের ভ্রমন ভাতা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নীতিমালা অনুযায়ী আগষ্ট/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল দাখিল সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ছ): চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ীর জ্বালানী সরবরাহ বিষয়ে আলোচনা : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া মহোদয়ের জীপ গাড়ীতে অফিসে আসা-যাওয়া এবং প্রশাসনিক ও উন্নয়নমূলক কাজ দেখাশুনার জন্য প্রতিদিন ০৭(সাত) লিটার জ্বালানী গ্রহণ করার মর্মে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৪ নং পরিপত্রে বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। চেয়ারম্যান মহোদয় জানান যে, গত আগষ্ট/২২ মাসে জীপগাড়ীতে জ্বালানী বাবদ ২৮,২১০/- (আটাশ হাজার দুইশত দশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে খরচ করা হয়েছে। খরচকৃত অর্থ অনুমোদনের জন্য সভায় আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধকৃত অর্থ অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-জ) : উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭(সতের) টি উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভা প্রতি ০২(দুই) মাসে ০১(এক) বার অনুষ্ঠানের বিষয়ে তাগিদ দেয়া হয়। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান

১৭(সতের)টি উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভার আপ্যায়ন বাবদ আগষ্ট/২০২২ মাসের ৮,০০০/- টাকার বিল ভাউচার ও রেজুলেশন দাখিল সাপেক্ষে ব্যয় করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ঝ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ী মেরামত বিষয়ে আলোচনা। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া মহোদয়ের জীপগাড়ী মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে খরচকৃত অর্থ সভায় অনুমোদিত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ঞ) : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধুনট, বগুড়া,র এডিপি'র দরপত্র আহবানের বিজ্ঞপ্তি ই-টেন্ডার নোটিশ নং ০৬/২০২১-২০২২ 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশনা বাবদ মূল টাকা = ৬৪,৮০০/-, ভ্যাট ১৫% = ৯,৭২০/- টাকা মোট= ৭৪,৫২০/- (চুয়াত্তর হাজার পাঁচশত বিশ) টাকা ও ই-টেন্ডার নোটিশ নং ০১/২০২১-২০২২ 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশনা বাবদ মূল টাকা = ১৮,০০০/-, ভ্যাট ১৫% = ২,৭০০/- টাকা মোট= ২০,৭০০/- (বিশ হাজার সাতশত) টাকা, ই-টেন্ডার নোটিশ নং ০৪/২০২১-২০২২ 'দৈনিক সমকাল' পত্রিকায় প্রকাশনা বাবদ মূল টাকা = ১৮,০০০/-, ভ্যাট ১৫% = ২,৭০০/- টাকা মোট=২০,৭০০/- (বিশ হাজার সাতশত) টাকা, ই-টেন্ডার নোটিশ নং ০৪/২০২১-২০২২ 'দৈনিক সমকাল' পত্রিকায় প্রকাশনা বাবদ মূল টাকা = ১৮,০০০/-, ভ্যাট ১৫% = ২,৭০০/- টাকা মোট ২০,৭০০/- (বিশ হাজার সাতশত) টাকা, ই-টেন্ডার নোটিশ নং ০৬/২০২১-২০২২ 'দৈনিক সমকাল' পত্রিকায় প্রকাশনা বাবদ মূল টাকা = ৭২,০০০/-, ভ্যাট ১৫% = ১০,৮০০/- টাকা মোট ৮২,৮০০/- (বিরাশি হাজার আটশত) টাকা, এডিপি'র দরপত্র আহবানের বিজ্ঞপ্তি ই-টেন্ডার নোটিশ নং ০৬/২০২১-২০২২ 'দৈনিক করতোয়া' পত্রিকায় প্রকাশনা বাবদ মূল টাকা = ৪৪,০০০/-, ভ্যাট ১৫% = ৬,৬০০/- টাকা মোট= ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা, 'ঢাকা ট্রিবিউন' পত্রিকায় প্রকাশিত ই-টেন্ডার নোটিশ নং- ০১/২০২১-২০২২ এর প্রকাশনা বাবদ মূল টাকা=২১,৭২০/- টাকা, ভ্যাট ১৫% =৩,২৫৮/- টাকা, মোট= ২৪,৯৭৮/- (চব্বিশ হাজার নয়শত আটাত্তর) টাকা এবং 'ঢাকা ট্রিবিউন' পত্রিকায় প্রকাশিত ই-টেন্ডার নোটিশ নং- ০৪/২০২১-২০২২ এর প্রকাশনা বাবদ মূল টাকা=১৭,৩৭৬/- টাকা, ভ্যাট ১৫% =২,৬০৬/- টাকা, মোট= ১৯,৯৮২/- (উনিশ হাজার নয়শত বিরাশি) টাকার বিল পাওয়া গিয়াছে। উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ট): উপজেলা খাদ্য অফিসার বলেন, তাঁর অফিসে সাবমার্সিবল না থাকায় তা স্থাপন ও অফিসের টিনের চালা নষ্ট হওয়ায় তা পরিবর্তনের জন্য আবেদন করেছেন। এমতাবস্থায় সাবমার্সিবল স্থাপন করা ও টিনের চালা পরিবর্তন করা বিশেষ প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সাবমার্সিবল পাম্প স্থাপনের সেট বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, খাদ্য অফিসের টয়লেট টাইলসকরণ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং টিনের চালা পরিবর্তন বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ঠ): উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা নির্বাহী অফিস, উপজেলা চেয়ারম্যানের অফিস, উপজেলা পরিষদের হলরুম এবং পিআইও অফিসসহ উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল রংকরণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে রংকরণ কাজে ১,০০,০০০/- (এক লক্ষ) ব্যয় করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।



CamScanner

বিবিধ- ড) : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ও উপজেলা চেয়ারম্যানের অফিস কক্ষে পর্যাপ্ত চেয়ার না থাকায় সেবা প্রত্যাশীদের অনেক সময় দাঁড়িয়ে থাকতে হয়। চেয়ার সংকট নিরসনকল্পে আলোচনান্তে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কোটেশন কমিটির মাধ্যমে চেয়ার ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত কমিটি বাজার দর যাচাই-বাছাই করে ২৫টি চেয়ার ক্রয় করবেন। বরাদ্দ ব্যয় - ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ভ্যাট, আয়করসহ।

কোটেশন কমিটি নিম্নরূপ :

| ক্রমিক নং | সদস্যদের নাম | পরিচিতি | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মো: আব্দুল্লাহ আল কাফী | উপজেলা সমাজসেবা অফিসার | সভাপতি | |
| ২ | মো: সরওয়ারদ্দিন | উপজেলা যুব উন্নয়ন অফিসার | সদস্য | |
| ৩ | মো: আশরাফ আলী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য | |

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

বিবিধ-ঢ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের করতোয়া কোয়ার্টার জরাজীর্ণ অবস্থায় থাকায় বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে যা অনতিবিলম্বে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প ফাইল প্রস্তুত করে দাখিল করার জন্য বলা হয়।

প্রকল্প কমিটি নিম্নরূপ :

| ক্রমিক নং | সদস্যদের নাম | পরিচিতি | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মো: আশরাফ আলী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সভাপতি | |
| ২ | মো: হোসেন আলী | সমাজসেবক | সদস্য | |
| ৩ | মো: খাদেমুল বারী | শিক্ষক | সদস্য | |
| ৪ | মো: ফজিলুল ইসলাম | ইমাম | সদস্য | |
| ৫ | মো: মুকুল মন্ডল | অফিস সহায়ক, উপজেলা পরিষদ | সদস্য | |
| ৬ | মো: শফিকুল ইসলাম | সমাজসেবক | সদস্য | |
| ৭ | মো: আবু বক্কর | সমাজসেবক | সদস্য | |

সিদ্ধান্ত : সভায় আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহি অফিসার, ধুনট, বগুড়া।

(মো: আব্দুল হাই খোকন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।
২৬/০৯/২২



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধুনট, বগুড়া।

স্মারক সংখ্যা : ০৫.৫০.১০২৭.০০০.০৪.০২৫.২১.৬৯৭(৫০)

তারিখ: ১১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ / ২৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০ বগুড়া-৫।
০২। সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, বগুড়া।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা সহায়ক (এলজিএসপি-৩), স্থানীয় সরকার, বগুড়া।
০৬। জনাব/বেগম.......................................................... ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।
০৭। মেয়র, ধুনট পৌরসভা, ধুনট, বগুড়া।
০৮। উপজেলা ...............................................অফিসার, ধুনট, বগুড়া।
০৯। চেয়ারম্যান, ...............................................(সকল) ইউ, পি, ধুনট, বগুড়া।
১০। জনাব ..............................................................................................., ধুনট, বগুড়া
১১। গোপনীয় সহকারি। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া মহোদয়ের সদয় অবগতির জন্য।

26.09.2022

(সঞ্জয় কুমার মহন্ত)
উপজেলা নির্বাহি অফিসার
ধুনট, বগুড়া।
২৬/৯/২২